

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
জেলা কার্যালয়ের অফিস  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৩৪৮

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯

২৭ সেপ্টেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২৭ সেপ্টেম্বর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

ঝিনাইদহ সদর উপজেলায় ০৩ টি প্রতিষ্ঠানকে ১১ হাজার ৫০০ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়স্বত্বাধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে ঝিনাইদহ শহরের শেরে বাংলা সড়ক, সদর হাসপাতাল গেট ও হামদহ, কালীতলা এলাকায় ডায়াগনস্টিক সেন্টার, ফার্মেসি ও হোটেলে তদারকি করা হয়। এসময় মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ও কীট ব্যবহার ও সেবার মূল্য তালিকা প্রদর্শন না করায় ইম্পেরিয়াল হসপিটাল এন্ড ডায়াগনস্টিক কে ১০০০০/- (দশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়/ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে এস এম ফার্মেসি কে ৫০০/- (পাঁচশত) টাকা এবং নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে মিষ্টিসহ অন্যান্য খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে মামা ভাণ্ডে দধি মিষ্টান্ন ভান্ডার কে ১০০০/- (এক হাজার) টাকাসহ মোট ১১৫০০/- (এগারো হাজার পাঁচশত) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি, উপস্থিত ভোক্তাদের নিকট লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ০৯ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব নারায়ন চন্দ্র বিশ্বাস, উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

২৭-৯-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

jhenaidah@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।

- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সম্পাদক/বার্তা সম্পাদক, ....., ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৬) অফিস কপি।